

68

দৈনিক বাংলা

তারিখ ... 18 AUG 1997 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৪ ...

চলতি বছর দেড় হাজার স্যাটেলাইট স্কুল স্থাপন করা হবে

রাজশাহী বিশ্ববিদ্যালয়, ১৭ আগস্ট।- সরকার বর্তমান বছরে সারাদেশে দেড় হাজার স্যাটেলাইট স্কুল স্থাপন করবে। আগামী বছর জানুয়ারী মাস থেকে স্কুলসমূহের ক্লাস শুরু হবে।

প্রাথমিক ও গণশিক্ষা উপমন্ত্রী অধ্যাপিকা জিনাতুন নেসা তালুকদার গতরাতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নজরুল ইসলাম মিলনায়তনে জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে বক্তৃতাকালে একথা বলেন। খবর তথ্য বিবরণীর।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক আবদুল খালেক, ডঃ গোলাম মুরশেদ, অধ্যাপক হাসান আজিজুল হক, ডঃ শিশির ভট্টাচার্য বক্তৃতা করেন।

উপমন্ত্রী বলেন, গত বছর সারাদেশে এক হাজার স্যাটেলাইট স্কুল স্থাপন করা হয়েছে।

জিনাতুন নেসা বলেন, ১৯৭২ সালের সংবিধানে সবার জন্য

শিক্ষা নিশ্চিত করার অঙ্গীকার করা হয়। সে লক্ষ্যে ১৯৭৩ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৩৬ হাজার ১৬৫টি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারীদের চাকরি একসঙ্গে জাতীয়করণ করেছিলেন এবং পরে আরও ১১ হাজার নতুন প্রাথমিক বিদ্যালয় নির্মাণ করেছিলেন।

উপমন্ত্রী বলেন, ডঃ কুদরাত-ই-খোদা শিক্ষা কমিশন রিপোর্টের আলোকে একটি সমন্বিত ও বাস্তবমুখী শিক্ষা ব্যবস্থা চালু করার লক্ষ্যে জাতীয় শিক্ষানীতি প্রণয়নের প্রক্রিয়া চলেছে। পরে উপমন্ত্রী গণকগাড়া মোড়ে মহানগর আওয়ামী লীগ আয়োজিত জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভায় বক্তৃতা করেন।

উক্ত আলোচনা সভায় অন্যান্যের মধ্যে রাজশাহী মহানগর আওয়ামী লীগের সভাপতি মাহবুব জামান এবং সাধারণ সম্পাদক এ এইচ এম খায়রুজ্জামান লিটন বক্তৃতা করেন।